



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী
www.rajshahieducationboard.gov.bd

স্মারক নম্বর- রাশিবো/মাধ্য-১/পনি-৬১৭

তারিখঃ ২৭/০৩/২০২২

বিষয় : ২০২১ সালের মাধ্যমিক স্কুল সার্টিফিকেট(এসএসসি) পরীক্ষার একাডেমিক ট্রান্সক্রিপ্ট বিতরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ২০২১ সালের মাধ্যমিক স্কুল সার্টিফিকেট(এসএসসি) পরীক্ষার একাডেমিক ট্রান্সক্রিপ্ট নিম্নলিখিত তারিখ সমূহে মাধ্যমিক পরীক্ষা শাখা কক্ষ নং-১২১৪ থেকে বিতরণ করা হবে। তিনি নিজে অথবা তাঁর প্রাধিকারপ্রাপ্ত শিক্ষকের মাধ্যমে উল্লিখিত তারিখ থেকে অফিস চলাকালীন সময়ে মাধ্যমিক পরীক্ষা শাখা থেকে তাঁর কেন্দ্রের একাডেমিক ট্রান্সক্রিপ্ট গ্রহণের জন্য তাঁকে অনুরোধ করা হলো। ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক/অধ্যক্ষ নিজের বা তাঁর প্রেরিত প্রতিনিধির বেলায় অর্থাৎ উভয় ক্ষেত্রেই সংশ্লিষ্ট কেন্দ্রের বিদ্যমান ম্যানেজিং কমিটি/গভর্নিং বডির সিদ্ধান্তের কপি অথবা একাডেমিক ট্রান্সক্রিপ্ট গ্রহণের জন্য আবেদনের উপর বিদ্যমান ম্যানেজিং কমিটি/গভর্নিং বডির চেয়ারম্যান অথবা সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসারের প্রতিস্বাক্ষর অবশ্যই আনতে হবে। অন্যথায় একাডেমিক ট্রান্সক্রিপ্ট প্রদান করা সম্ভব হবে না। একাডেমিক ট্রান্সক্রিপ্ট গ্রহণের পর কোন প্রকার ভুলত্রুটি পরিলক্ষিত হলে ০৭(সাত) কর্ম দিবসের মধ্যে মাধ্যমিক পরীক্ষা শাখা থেকে সংশোধন করে নিতে অনুরোধ করা হলো।

ক্রমিক নং	জেলার নাম	বিতরণের তারিখ ও বার
১.	বগুড়া, জয়পুরহাট	২৮/০৩/২০২২ (সোমবার)
২.	পাবনা, সিরাজগঞ্জ	২৯/০৩/২০২২ (মঙ্গলবার)
৩.	নওগাঁ, নাটোর	৩০/০৩/২০২২ (বুধবার)
৪.	রাজশাহী, চাঁপাইনবাবগঞ্জ	৩১/০৩/২০২২ (বৃহস্পতিবার)

মো: আরিফুল ইসলাম
পরীক্ষা নিয়ন্ত্রক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
রাজশাহী

প্রাপক
রাজশাহী বোর্ডের আওতাধীন সকল কেন্দ্র সচিব
মাধ্যমিক স্কুল সার্টিফিকেট পরীক্ষা ২০২১